অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কমবয়সীদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারিত করতে 3.3 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

ফেডারেল তহবিল সেবাদানকারীদের দ্বৈতভাবে মানসিক অসুস্থতা এবং বিকাশগত অক্ষমতা বা মাদক ব্যবহার রোগ নির্ণীত হওয়া কমবয়সীদের আরো ভালো সেবাদান করতে দিবে

অনুদান প্রদান করা হয়েছে 40টি সম্প্রদায়ভিত্তিক সংগঠন, NYU ল্যাঙ্গন হেলথ এবং SUNY স্টোনি ব্রুককে।

গভর্নর ক্যাথি হোকল আজকে সম্প্রদায়ভিত্তিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য 3.3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করলেন যা তাদেরকে পুরো স্টেটে শিশু ও পরিবারের জন্য মানসিক স্বাস্থ্য সেবা বৃদ্ধি করতে সাহায্য করবে। মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) দ্বারা পরিচালিত এই ফেডারেল তহবিলের উদ্দেশ্য সম্প্রদায়ভিত্তিক সেবাদানকারীদের দ্বৈতভাবে মানসিক অসুস্থতা এবং বিকাশগত অক্ষমতা বা মাদক ব্যবহার রোগ নির্ণীত হওয়া কমবয়সীদের আরো ভালো সেবাদান করতে সাহায্য করা।

"মানসিক স্বাস্থ্য কর্মসূচি পাওয়ার সুযোগ হলো নিউ ইয়র্কবাসীদের নিজেদের ও প্রিয়জনদের প্রয়োজনীয় যত্ন পাওয়া নিশ্চিত করতে আমাদের প্রয়াসের একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান," **গভর্নর হোকল বলেন।** "প্রায়শই, দুঃস্থ জনগোষ্ঠীগুলি মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগের ক্ষেত্রে প্রতিবন্ধকতার মুখোমুখি হয়, এবং এই অনুদানসমূহ স্টেটব্যাপী কর্মসূচি পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে সাহায্য করবে, আরো বেশি কমবয়সী নিউ ইয়র্কবাসীকে তাদের মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ করার সমর্থনকে সাহায্য করবে।"

অনুদানগুলি অর্থায়িত হয়েছে আমেরিকান উদ্ধার পরিকল্পনা আইনের (American Rescue Plan Act) মাধ্যমে এবং ফেডারেল মেডিকেল সহায়তা শতাংশের (Federal Medical Assistance Percentage) মেডিকেইড (Medicaid) কর্মসূচিসমূহের জন্য তহবিলের ভাগ সীমিত সময়ের জন্য সম্প্রসারণ করার মাধ্যমে। সম্প্রদায়ভিত্তিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদেরকে তারা যেই শিশু ও পরিবারকে সেবাদান করে তাদের চাহিদা পূরণের জন্য উদ্ভাবনী প্রকল্পের প্রস্তাবনা দিতে আমন্ত্রণ জানানো হয়েছিলো।

মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "এই অনুদানগুলি স্টেটব্যাপী সম্প্রদায়সমূহে আমাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীদেরকে মানসিক স্বাস্থ্য সমস্যা নিয়ে, এবং একইসাথে মাদক ব্যবহার রোগ বা বিকাশগত অক্ষমতা নিয়ে বেঁচে থাকা কমবয়সীদের প্রতি তাদের সেবা উন্নত ও বিস্তৃত করতে পারবে। পাওয়ার সুযোগ, নিযুক্তি এবং চিকিৎসা ও সেবার সমন্বয় বৃদ্ধি করার মাধ্যমে, আমাদের সম্প্রদায়ভিত্তিক অংশীদারগণ কার্যকরভাবে আরো অনেক কমবয়সী ও পরিবারকে সেবাদান করতে পারবে।"

আসক্তি সেবা এবং সমর্থন অফিসের (Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহার অবস্থা উভয়কে একত্রে চিকিৎসা করার সার্বিক একটি পন্থা নিউ ইয়র্ক স্টেটজুড়ে মানুষকে প্রদত্ত সেবার একটি গুরুত্বপূর্ণ অংশ। এগুলি গুরুত্বপূর্ণ একটি অত্যাবশ্যকীয় প্রয়োজন পূরণ করবে, এবং এই তহবিলের কল্যাণে, আরো বেশি কমবয়সী ব্যক্তিদের কাছে নিজেদের সম্প্রদায়ে এইসব অতি গুরুত্বপূর্ণ সেবা পাওয়ার সুযোগ থাকবে যাতে তারা তাদের দীর্ঘমেয়াদি স্বাস্থ্য সমর্থন পেতে পারে।"

এই অর্থায়নের মধ্যে রয়েছে 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ যা 35টি অলাভজনক সম্প্রদায়ভিত্তিক কর্মসূচির মধ্যে ভাগ করে দেওয়া হবে যারা মানসিক স্বাস্থ্য অফিসের সাথে চুক্তির অধীনে পরিচালিত হয় বা যারা এজেন্সি বা কাউন্টির মানসিক স্বাস্থ্য বিভাগগুলি দ্বারা স্থানীয় তহবিল বা স্টেটের সহায়তায় অর্থায়িত হয়। এই অর্থ আত্মহত্যা প্রতিরোধ উদ্যোগসমূহ, অবকাশ কর্মসূচি, পরিবার ও কমবয়সীদের পীড়ার সমর্থন সেবা এবং শিশুদের নন-মেডিকেইড ব্যবস্থাপিত চিকিৎসা কর্মসূচিসমূহ বিস্তার সমর্থন করবে।

আরো 760,000 মার্কিন ডলার ভাগ করে দেওয়া হয়েছে 19টি সম্প্রদায়ভিত্তিক সেবাদানকারীদেরকে নিযুক্তি বিরোধী করা এবং পরিবহনের জন্য জরুরি সেবার উপর নির্ভরশীলতা হ্রাস করতে পদ্ধতি স্থাপনের প্রয়াসসমূহকে সমর্থন করার জন্য। অর্থায়িত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে সেবা গ্রহণকারী ব্যক্তিদের জন্য পরিবহন প্রতিবন্ধকতা দূর করতে সাহায্য করার জন্য মেট্রো কার্ড ক্রয়, এবং বেশি ঝুঁকির আউটপেশেন্টদের মানসিক স্বাস্থ্য সেবার (High-Risk Outpatient Mental Health Services) সম্প্রসারণ এবং উন্নয়ন।

এছাড়াও 760,000 মার্কিন ডলার প্রদান করা হয়েছে যা 19টি কর্মসূচির মধ্যে ভাগ করে দেওয়া হবে সেবার সমন্বয় ও মাল্টিডিসিপ্লিনারি দল স্থাপন বা উন্নয়নের জন্য। অর্থায়িত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে একটি বৈদ্যুতিক ডেটা সংগ্রহ ব্যবস্থার বাস্তবায়ন এবং সেবাদানকারীর শিশদের মানসিক স্বাস্থ্য পুনর্বাসন সেবা কর্মসূচির (Children's Mental Health Rehabilitative Services Program) জন্য একটি মাল্টিডিসিপ্লিনারি দল (Multi-Disciplinary Team) বৈঠক সমন্বয়ক ও সাহায্যকারী তৈরি করা।

আরো 280,000 মার্কিন ডলার ভাগ করে দেওয়া হয়েছে সাতটি কর্মসূচির জন্য যাদের উদ্দেশ্য মানসিক রোগ এবং একইসাথে বিকাশগত অক্ষমতা বা মাদক ব্যবহার রোগ নিয়ে বেঁচে থাকা রোগীদের জন্য একই সাথে চিকিৎসা প্রদান করার সেবা সম্প্রসারণ করা। অর্থায়িত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে দ্বৈতভাবে রোগ নির্ণীত কিশোরদের জন্য একজন ক্লিনিশিয়ান যোগ করা, কর্মীদের

ওষুধ সহায়ক চিকিৎসা প্রদানে এবং ট্রমাভিত্তিক কগনিটিভ আচরণমূলক থেরাপির জন্য কর্মীদের প্রশিক্ষণ এবং কিশোর ও তরুণদের জন্য প্রমাণভিত্তিক চিকিৎসার মডেল বাস্তবায়ন যা নকশা করা হবে ক্ষতিকর মাদক ব্যবহার হ্রাস এবং মানসিক স্বাস্থ্য উন্নত করার জন্য।

পাশাপাশি, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University, NYU) ল্যাঙ্গন হেলথ (Langone Health) এবং স্টোনি ব্রুকের (Stony Brook) নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) প্রত্যেককে 250,000 মার্কিন ডলার প্রদান করা হয়েছে এমন প্রশিক্ষণ প্রদানের জন্য যা মানসিক স্বাস্থ্য সেবা প্রদানকারীদেরকে দ্বৈতভাবে মানসিক অসুস্থতা এবং একটি বিকাশগত অক্ষমতা নিয়ে বেঁচে আছে বলে নির্ণীত ব্যক্তিদের আরো ভালো সেবাদান করতে দেয়। প্রশিক্ষণের মধ্যে থাকবে প্রমাণভিত্তিক পন্থা এবং দক্ষতার ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করা যাতে দ্বৈত নির্ণীত কমবয়সী এবং পরিবারকে আরো ভালোভাবে জড়িত ও চিকিৎসা প্রদান করা যায়।

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "কোভিড মহামারী আমেরিকানদের মানসিক স্বাস্থ্যের উপর বিধ্বংসী প্রভাব ফেলেছে এবং আমাদের শিশুদের থেকে বেশি কষ্ট কেউ করেনি। আমি আমাদের আমেরিকান উদ্ধার পরিকল্পনায় মানসিক স্বাস্থ্য সেবার জন্য তহবিল দিয়ে এই সঙ্কট সমাধানে পদক্ষেপ নিতে পেরে গর্বিত, এবং আমি আমার কোভিড-19 মানসিক স্বাস্থ্য গবেষণা আইনসহ (COVID-19 Mental Health Research Act) বিধিমালার মাধ্যমে আরো পদক্ষেপ নিতে জোর দিয়ে যাচ্ছি। আমি কৃতজ্ঞ যে নিউ ইয়র্ক স্টেটব্যাপী পরিবারগুলি এখন তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সেবা পাবে।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "এখন কঠিন সময়, এবং আমাদের জন্য আমাদের সামগ্রিক মানসিক স্বাস্থ্যকে, বিশেষ করে কষ্ট করছে এমন কমবয়সীদের ক্ষেত্রে, অগ্রাধিকার প্রদান করা অতি গুরুত্বপূর্ণ। আমি এই ফেডারেল তহবিল প্রদান করতে পেরে এবং অতি গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্য সেবা পাওয়া থেকে পরিবারগুলিকে বিরত রাখা প্রতিবন্ধকতা ভাঙ্গতে সাহায্য করতে পেরে গর্বিত। আমি আমাদের সম্প্রদায়ের স্বাস্থ্যসেবা প্রয়োজন মেটাতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য কৃতজ্ঞ, এবং আমি পরিবারগুলিকে উত্থিত করার জন্য একত্রে আমাদের কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

স্টেটের সিনেটর সামরা ব্রোক বলেন, "আমাদের শিশুদের জন্য মানসিক স্বাস্থ্যসেবার প্রয়োজন আগে কখনো এতো বেশি ছিলো না, সেজন্য আমি খুশি যে গভর্নর ক্যাথি হোকল আমাদের কমবয়সীদের ও তাদের পরিবারের সম্প্রদায়ভিত্তিক সেবাদানকারীদের সাহায্য করতে 3.3 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল প্রদান করেছেন। সিনেটের মানসিক স্বাস্থ্য কমিটির (Senate Mental Health Committee) প্রধান হিসেবে আমি দেখেছি কীভাবে মহামারী কমবয়সীরা যেই মানসিক স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হয় তা বাড়িয়ে দিয়েছে, এবং আমি গভর্নর এবং অন্য অংশীদারদের সাথে কাজ করে আমাদের কর্মীবাহিনীর ধারণক্ষমতা বৃদ্ধি এবং অপরাধ ন্যায়বিচার ব্যবস্থার মাধ্যমে না গিয়ে চিকিৎসার মাধ্যমে আমাদের পরিবারগুলির চাহিদা পূরণ করা অব্যাহত রাখতে উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরাহ এফ. স্ট্যানলি বলেন, "আমাদের মানসিক স্বাস্থ্যে কোভিড সঙ্কটের দীর্ঘমেয়াদি প্রভাব গুরুত্বপূর্ণ হবে, বিশেষ করে কমবয়সীদের জন্য যারা মহামারীর পুরো সময় ভীতি, বিচ্ছিন্নতা, উদ্বেগ, এবং বিষণ্ণতার উল্লেখযোগ্য সমস্যার সম্মুখীন হয়েছে। এই ছায়া মহামারীর সমাধানে আমাদের জন্য পর্যাপ্ত সংস্থান প্রদান করা অপরিহার্য যাতে আগামী প্রজন্ম সত্যিকার অর্থে সমৃদ্ধি ও সফলতা পেতে পারে। আমরা স্টোনি ব্রুক ইউনিভার্সিটির প্রশংসা করছি শুধু শিক্ষার্থীদের সাহায্য করার জন্য নয়, বরং এমন একটি সময়ে বৃহত্তর সম্প্রদায়ে এই অতি গুরুত্বপূর্ণ সেবাসমূহ প্রদান করার জন্য যখন এর সব থেকে বেশি প্রয়োজন। ধন্যবাদ গভর্নর ক্যাথি হোকলকে মানসিক স্বাস্থ্য সেবায় তার নেতৃত্বের জন্য, এবং মানসিক স্বাস্থ্য অফিসকে তাদের অংশীদারিত্বের জন্য।"

প্রধান তদন্তকারী, NYU ল্যাঙ্গনের হ্যাসেনফেল্ড শিশু হাসপাতালের (Hassenfeld Children's Hospital) শিশু ও কিশোর মনোরোগবিদ্যা বিভাগের ক্লিনিক্যাল সহকারী অধ্যাপক লরেন ডোনেলি বলেন, "এই অনুদানটি আমাদেরকে আমরা পুরো নিউ ইয়র্ক সিটিতে যেই প্রশিক্ষণ ও কন্সালটেশন মডেল বাস্তবায়ন করেছি সেটি ব্যবহার করে নিউ ইয়র্ক স্টেটব্যাপী সেবাদানকারীদেরকে বিস্তারিত, প্রমাণভিত্তিক প্রশিক্ষণ প্রদান করতে দিবে। আমরা গভর্নর হোকল এবং স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসকে সেবাদানকারীদের এই জনসংখ্যার সাথে কাজ করার এবং তাদের অত্যাবশ্যকীয় চাহিদা পূরণ করার আত্মবিশ্বাস এবং দক্ষতা বৃদ্ধিতে সমর্থন করার জন্য।"

স্টোনি ব্রুক ইউনিভার্সিটির প্রেসিডেন্ট মরি ম্যাকইনিস বলেন, "গভর্নর হোকলের মানসিক স্বাস্থ্য তহবিল থেকে সেবাদানকারীদের সমর্থনে বরাদ্দ একটি অতি গুরুত্বপূর্ণ এবং অতি প্রয়োজনীয় ধাপ যা নিশ্চিত করবে যে মানসিক অসুস্থতা এবং বিকাশগত অক্ষমতা নির্ণীত হওয়া ব্যক্তিদের কাছে যাতে তাদের প্রাপ্য চিকিৎসা পাওয়ার সুযোগ থাকে। অক্ষমতাসহ ব্যক্তিরা প্রায়শই কার্যকর এবং সহজলভ্য মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হয়, কিন্তু বর্ধিত প্রশিক্ষণ যা ক্লিনিশিয়ানদেরকে রোগী ও পরিবারের সদস্যদের সাথে নিবিড় অংশীদারিত্ব করতে দেয়, তার মাধ্যমে এটি যাদের প্রয়োজন তাদের জন্য বিশেষায়িত, কার্যকর চিকিৎসা নিয়ে আসে।"

সম্প্রদায়ভিত্তিক সংগঠনগুলিকে OMH অঞ্চলভিত্তিক অর্থদানের মধ্যে রয়েছে:

Central New York

- Chenango County Behavioral Health Services
- The Neighborhood Center
- Cayuga Counseling Services
- Integrated Community Alternatives Network
- Essex County Mental Health
- Upstate Cerebral Palsy
- Salvation Army Syracuse Area Services
- United Helpers

- Families First in Essex County
- Family Resource Network
- Family Counseling Center
- Integrated Community Alternatives Network
- Upstate Cerebral Palsy
- The Neighborhood Center

Hudson Valley

- MHA of Westchester
- Orange Co Dept of Mental Health
- ANDRUS
- Cove Care Center
- Westchester Jewish Community Services
- Family Services of Westchester
- Rehabilitation Support Services
- St. Catherine's Center for Children
- Cove Care Center
- MHA of Columbia-Greene Counties
- Family Services of Westchester
- Family Ties of Westchester
- Westchester Jewish Community Services

Long Island

- North Shore Child & Family Guidance Center
- Central Nassau Guidance and Counseling
- Hispanic Counseling Center
- Family and Children's Association
- North Shore Child & Family Guidance Center
- Hispanic Counseling Center
- SCO Family of Services - Glen Cove

New York City

- University Settlement
- JCCA
- Astor Services for Children & Families
- Greenwich House
- The Jewish Board

- Center for Alternative Sentencing & Employment Services
- Bleuler Psychotherapy Center
- Ackerman Institute for the Family
- NY Foundling Identity & Acceptance Program
- Ohel Children Homes and Family Services
- The Puerto Rican Family Institute
- SBH Community Services
- VNS Friends Clinic
- The Child Center of NY
- Ohel Children Homes and Family Services
- Maimonides Medical Center
- Episcopal Health Services, St. John's Episcopal Hospital
- Hudson Guild
- Pesach Tikvah Hope Development, Inc
- Association to Benefit Children
- CommuniLife
- The Child Center of NY
- University Settlement
- Berkshire Farm Center and Service for Youth
- Lexington Center for MH Services

Western New York

- InTandem
- Chautauqua County Department of Mental Hygiene
- Niagara County Department of MH and Substance Abuse Services
- Hillside Children's Center
- Horizon Health
- Catholic Charities of Buffalo
- New Directions Youth and Family Services
- Villa of Hope
- Chautauqua County Chapter NYSARC Inc.
- MHA Niagara County
- New Directions Youth and Family Services
- Camp Get-A-Way of Western NY
- Housing Options Made Easy
- Compeer West dba Compeer of Greater Buffalo
- Mental Health Advocates of Western NY
- Catholic Charities of Rochester dba CC of Steuben/Livingston
- Hillside Children's Center

- Aspire Hope NY
- MHA of Rochester/Monroe County Inc
- Compeer Rochester

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418